
৩

আজকের কাগজ

তারিখ ... 27 MAY 1995 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# সরকারের উন্নয়নের জোয়ার ও একটি প্রাথমিক বিদ্যালয়



জাহিদুর রহমান : সাভার থানার পাথালিয়া ইউনিয়নের সন্দীপ প্রাথমিক বিদ্যালয়। বছরখানের আগে এলাকায় শিক্ষা বিস্তারের প্রয়োজনীয়তা উপলব্ধি করে সেখানকার সমাজ সচেতন কয়েকজনের উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছিলো বিদ্যালয়টি। পরবর্তীতে আর্থিক দৈন্যতার মুখেও সাধারণভাবে পরিচালিত হয়ে আসছিলো শিক্ষাদান পদ্ধতি। ইতিমধ্যেই বিদ্যালয়টিতে আগমন ঘটে স্থানীয়সহ প্রতিবেশী এলাকার তিন শতাধিক শিক্ষার্থীর। এসব শিক্ষার্থীর জন্যে নিয়োজিত ছিলেন ১ জন শিক্ষিকা ও ৫ জন শিক্ষক। যদিও আর্থিক অনটন তাদেরও পিছু ছাড়েনি, তা সত্ত্বেও বিদ্যালয়টি পূর্ণ উদ্যোমে এলাকায় যখন শিক্ষার প্রদীপ জ্বালিয়ে এগিয়ে যাচ্ছিলো ঠিক সে মুহূর্তে মাস দু'য়েকে আগে একটি ঝড় আঘাত হানে বিদ্যালয়টির ওপর। গোছানো কার্যক্রম মুহূর্তের মধ্যেই হয়ে লণ্ডভণ্ড। এখন আর আগের মতো শিক্ষার্থীদের পদচারণা ঘটে না বিদ্যালটিতে। অধিকাংশ ছাত্রছাত্রী বিদ্যালয়টি ছেড়ে পাড়ি জমিয়েছে দূরের বিদ্যালয়গুলোতে। বিদ্যালয়টি নুয়ে পড়ায় অনেকের জীবন থেকে মুছে যাবার উপক্রম হয়েছে সঞ্চিত অক্ষরগুলো। দু'একজন যারা বিদ্যালয়টিতে আসছে রোদ ঝড়ের মধ্যে পরবর্তীতে তারাও আসার ব্যাপারে আগ্রহ হারিয়ে ফেলেছে। মাস দু'য়েক আগে ঝড়ে নুয়ে পড়া বিদ্যালয়টি দাঁড় করাতে কেউ আসেনি। প্রধান শিক্ষক জানালেন, নানা জায়গায় ধরনা ধরেও বিদ্যালয়টিকে দাঁড় করানোর মতো কোন সহযোগিতা মেলেনি। শিক্ষা জাতির মেরুদণ্ড। মেরুদণ্ড ভেঙে যাওয়া বিদ্যালয়টি প্রতিনিয়তই যেন ঘোষণা করে সাভার থানার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের জরাজীর্ণতার কথা।